# চট্টগ্রাম বোর্ড ২০১৬

## বাংলা দ্বিতীয় পত্র: রচনামূলক প্রশ্ন

বিষয় কোড : | ১ | ০ | ২ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট                                                                 পূর্ণমান — ৭০

[**দ্রষ্টব্য:** ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

১. যে কোনো **একটি** অনুচ্ছেদ লিখ: ৫

(ক) বই পড়ার আনন্দ;

(খ) যৌতুক প্রথা।

২. (ক) ঐতিহাসিক স্থানে ভ্রমণের অভিজ্ঞতা জানিয়ে বন্ধুকে একখানা চিঠি লিখ। ৫

অথবা, (খ) প্রশংসাপত্র চেয়ে প্রধান শিক্ষকের নিকট একটি দরখাস্ত লিখ।

৩. (ক) সারাংশ লিখ: ১০

অতীতকে ভুলে যাও। অতীতের দুশ্চিন্তার ভার অতীতকেই নিতে হবে। অতীতের কথা ভেবে ভেবে অনেক বোকাই মরেছে। আগামী কালের বোঝা অতীতের বোঝার সঙ্গে মিলে আজকের বোঝা সবচেয়ে বড় হয়ে দাঁড়ায়। ভবিষ্যতকেও অতীতের মতো দৃঢ়ভাবে দূরে সরিয়ে দাও। আজই তো ভবিষ্যৎ। ভবিষ্যৎকাল বলে কিছু নেই। মানুষের মুক্তির দিন তো আজই। আজই ভবিষ্যতের কথা যে ভাবতে বসে সে ভোগে শক্তিহীনতায়, মানসিক দুশ্চিন্তায় ও স্নায়বিক দুর্বলতায়। অতএব, অতীতের এবং ভবিষ্যতের দরজায় আগল লাগাও আর শুরু কর দৈনিক জীবন নিয়ে বাঁচতে।

Teachingbd24.com

https://teachingbd24.com

অথবা, (খ) সারমর্ম লিখ:

দৈন্য যদি আসে, আসুক, লজ্জা কি বা তাহে,
মাথা উঁচু রাখিস।
সুখের সাথী মুখের পানে যদি নাহি চাহে,
ধৈর্য ধরে থাকিস।
রুদ্র রূপে তীব্র দুঃখ যদি আসে নেমে,
বুক ফুলিয়ে দাঁড়াস,
আকাশ যদি বজ্র নিয়ে মাথায় ভেঙে পড়ে
ঊর্ধ্বে দু'হাত বাড়াস।

৪. যে কোনো **একটির** ভাব-সম্প্রসারণ কর: ১০

(ক) গ্রন্থগত বিদ্যা আর পর হস্তে ধন
নহে বিদ্যা, নহে ধন, হলে প্রয়োজন।

অথবা, (খ) ভোগে নয়, ত্যাগেই প্রকৃত সুখ।

৫. (ক) তোমার বিদ্যালয়ে অনুষ্ঠিত বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার বিবরণ দিয়ে একটি প্রতিবেদন তৈরি কর। ১০

অথবা, (খ) 'দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতিতে জনজীবন বিপন্ন' এই শিরোনামে পত্রিকায় প্রকাশের জন্য একটি প্রতিবেদন তৈরি কর।

৬. যে কোনো **একটি** বিষয়ে প্রবন্ধ রচনা কর: ২০

(ক) অধ্যবসায়;

(খ) কৃষিকাজে বিজ্ঞান;

(গ) বাংলাদেশের খাদ্য সমস্যা ও তার প্রতিকার।

https://teachingbd24.com

# বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র
## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: | ১ | ০ | ২ |

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০

[**বিশেষ দ্রষ্টব্য:** সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

**১. 'এক যে ছিল রাজা'— এখানে পদাশ্রিত নির্দেশক কী অর্থে ব্যবহৃত?**
ⓚ নির্দিষ্টতা ⓛ অনির্দিষ্টতা
ⓜ নিরর্থক ⓝ বাহুল্যভাব

**২. কোনটি উপমান কর্মধারয় সমাসের উদাহরণ?**
ⓚ অরুণরাঙা ⓛ মনমাঝি
ⓜ পুরুষসিংহ ⓝ ক্রোধানল

**৩. 'আতিশয্য' অর্থে 'সু' উপসর্গের ব্যবহার হয়েছে কোনটিতে?**
ⓚ সুগম ⓛ সুসাধ্য
ⓜ সুচরিত্র ⓝ সুনিপুণ

**৪. সংস্কৃত 'ঘৃষ' ধাতুর বাংলা ধাতু কোনটি?**
ⓚ ঘৃষ্ট ⓛ ঘষ্
ⓜ ঘষা ⓝ ঘর্ষণ

**৫. 'উক্ত' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি?**
ⓚ √উক + ত ⓛ √উ + ক্ত
ⓜ √বচ্ + ক্ত ⓝ √ব + ক্ত

**৬. নিচের কোনটি যোগরূঢ় শব্দ?**
ⓚ প্রবীণ ⓛ গায়ক
ⓜ তৈল ⓝ জলধি

**৭. বাংলা ব্যাকরণে কোন পদে সংস্কৃতের লিঙ্গের নিয়ম মানা হয় না?**
ⓚ বিশেষণে ⓛ অব্যয়ে
ⓜ সর্বনামে ⓝ বিশেষ্যে

**৮. নীল আকাশ, সবুজ মাঠ— এগুলো কী বাচক নাম বিশেষণ?**
ⓚ গুণবাচক ⓛ রূপবাচক
ⓜ ভাববাচক ⓝ উপাদান বাচক

**৯. কোনটি সর্বনামের বিভক্তি গ্রাহী রূপ?**
ⓚ আমরা ⓛ আমার
ⓜ তাঁহা ⓝ তাহার

**১০. কোনটি মিশ্র ক্রিয়ার উদাহরণ?**
ⓚ এখন যেতে পার
ⓛ সাইরেন বেজে উঠল
ⓜ অজগরটি ফোঁসাচ্ছে
ⓝ মাথা ঝিম্ ঝিম্ করছে

**১১. 'বৃষ্টি আসে আসুক'— বাক্যের ক্রিয়াপদটি কোন ভাব প্রকাশ করে?**
ⓚ সাপেক্ষ ভাব
ⓛ নির্দেশক ভাব
ⓜ আকাঙ্ক্ষা প্রকাশক ভাব
ⓝ অনুজ্ঞা ভাব

**১২. আক্ষেপ প্রকাশে অতীতের স্থলে কোন কাল ব্যবহৃত হয়?**
ⓚ বর্তমান কাল ⓛ ভবিষ্যৎ কাল
ⓜ নিত্যবৃত্ত অতীত ⓝ পুরাঘটিত বর্তমান কাল

**১৩. 'সূর্য অস্তমিত হলে যাত্রীদল পথ চলা শুরু করল'— এখানে সূর্য কোন কর্তা?**
ⓚ এক কর্তা ⓛ অসমান কর্তা
ⓜ নিরপেক্ষ কর্তা ⓝ শর্তাধীন কর্তা

**১৪. প্রাচীন বাংলা রীতিতে মধ্যম পুরুষের অনুজ্ঞায় ক্রিয়ার সঙ্গে নিচের কোনটি যোগ করার নিয়ম ছিল?**
ⓚ অ ⓛ আ
ⓜ ঈ ⓝ হ

**১৫. 'সিট্‌কা' এর আদি গণ কোনটি?**
ⓚ চট্‌কা ⓛ উল্‌টা
ⓜ বিগ্‌ড়া ⓝ ছোব্‌লা

**১৬. ঘোড়াকে চাবুক মারে— 'চাবুক' কোন কারকে কোন বিভক্তি?**
ⓚ কর্মে ২য়া ⓛ করণে শূন্য
ⓜ কর্তায় ১মা ⓝ করণে ৩য়া

**১৭. ব্যাপ্তি অর্থে সম্বন্ধ পদ কোনটি?**
ⓚ রাজার রাজ্য ⓛ দেশের লোক
ⓜ বাটির দুধ ⓝ রোজার ছুটি

**১৮. 'আছ তুমি প্রভু, জগৎ মাঝারে।'— 'মাঝারে' অনুসর্গটি কী অর্থ প্রকাশ করেছে?**
ⓚ ব্যাপ্তি ⓛ মধ্যে
ⓜ সঙ্গে ⓝ সহায়

**১৯. 'কাটিতে কাটিতে ধান এল বরষা'— এ বাক্যের অসমাপিকা ক্রিয়া কী অর্থে ব্যবহৃত হয়েছে?**
ⓚ সমকাল ⓛ নিরন্তরতা
ⓜ সূচনা ⓝ সমাপ্তি

Teachingbd24.com

২০. 'আমার হৃদয় মন্দিরে আশার বীজ উপ্ত হলো'— বাক্যটি কোন দোষে যোগ্যতা হারিয়েছে?
ক) গুরুচণ্ডালী দোষ  খ) বাহুল্য দোষ
গ) উপমার ভুল প্রয়োগ  ঘ) দুর্বোধ্যতা

২১. 'সত্য কথা বলিনি, তাই বিপদে পড়েছি'— এটা কী ধরনের বাক্য?
ক) মিশ্র বাক্য  খ) সরল বাক্য
গ) সাধারণ বাক্য  ঘ) যৌগিক বাক্য

২২. 'কোনো ভাবেই যা নিবারণ করা যায় না'— এক কথায় কী হবে?
ক) অনিবার্য  খ) দুর্দমনীয়
গ) দুর্নিবার  ঘ) দুর্জয়

২৩. 'চক্ষুদান করা'— এ বাগধারাটির অর্থ কী?
ক) পক্ষপাতিত্ব  খ) সৌভাগ্য লাভ
গ) চুরি করা  ঘ) নষ্ট করা

২৪. 'পরভৃত' শব্দটির সমার্থক শব্দ কোনটি?
ক) অহি  খ) ধেনু
গ) ফণী  ঘ) পিক

২৫. কোনটি কর্মকর্তৃবাচ্যের উদাহরণ?
ক) বাঁশি বাজে এ মধুর লগনে
খ) আমার যাওয়া হবে না
গ) এ পথে চলা যায় না
ঘ) এবার ট্রেনে ওঠা যাক

২৬. লোকটি বলল, 'বাঃ! পাখিটিতো চমৎকার'— বাক্যটি পরোক্ষ উক্তিতে কী হবে?
ক) লোকটি বলল যে, পাখিটি চমৎকার
খ) লোকটি আনন্দের সাথে বলল যে, পাখিটি চমৎকার
গ) লোকটি উচ্চস্বরে বলল যে, পাখিটি চমৎকার
ঘ) লোকটি নির্বিকারভাবে বলল যে, পাখিটি চমৎকার

২৭. কমা অপেক্ষা বেশি বিরতির প্রয়োজন হলে কোন যতিচিহ্ন ব্যবহার করা হয়?
ক) দাঁড়ি  খ) কোলন
গ) সেমিকোলন  ঘ) ড্যাস

২৮. বাক্যে বিধেয় বিশেষণ কোথায় বসে?
ক) বিশেষণের পূর্বে  খ) বিশেষণের পরে
গ) বিশেষ্যের পরে  ঘ) বিশেষ্যের পূর্বে

২৯. 'জাত' অর্থে 'আই' প্রত্যয় যোগ হয়েছে কোনটিতে?
ক) মিঠাই  খ) মোগলাই
গ) নিমাই  ঘ) পাবনাই

৩০. নিচের কোনটি প্রত্যয়ান্ত বহুব্রীহি সমাস?
ক) ঘরমুখো  খ) গায়ে হলুদ
গ) সেতার  ঘ) দশগজি

৩১. নিচের কোনটি পর্তুগিজ শব্দ?
ক) ডিপো  খ) খদ্দর
গ) বালতি  ঘ) চিনি

৩২. ধ্বনি উৎপাদনের ক্ষেত্রে মুখ বিবরে উচ্চারণের মূল উপকরণ বা উচ্চারক—
ক) জিহ্বা ও ওষ্ঠ  খ) কণ্ঠ ও জিহ্বা মূল
গ) অগ্র তালু  ঘ) অগ্র দন্তমূল

৩৩. 'এ' ধ্বনির বিবৃত উচ্চারণ পাওয়া যায় কেবল শব্দের—
ক) অন্তে  খ) আদিতে
গ) মধ্যে  ঘ) অন্তে ও মধ্যে

৩৪. শব্দের মধ্যে দুটি ব্যঞ্জনের পরস্পর পরিবর্তন ঘটলে তাকে বলে—
ক) সম্প্রকর্ষ  খ) অন্তর্হতি
গ) সমীভবন  ঘ) ধ্বনি বিপর্যয়

৩৫. কোন শব্দটিতে স্বভাবতই 'ণ' হয়েছে?
ক) কল্যাণ  খ) ঋণ
গ) কারণ  ঘ) হরিণ

৩৬. নিচের কোনটি নিপাতনে সিদ্ধ সন্ধি?
ক) পাবক  খ) গবাক্ষ
গ) সুবন্ত  ঘ) তন্বী

৩৭. নিত্য স্ত্রীবাচক তৎসম শব্দ কোনটি?
ক) জেনানা  খ) রজকী
গ) সপত্নী  ঘ) সৎমা

৩৮. 'পিলসুজে বাতি জ্বলে মিটির মিটির'— এ বাক্যে 'মিটির মিটির' কোন পদ?
ক) বিশেষ্য  খ) বিশেষণ
গ) অব্যয়  ঘ) সর্বনাম

৩৯. নিচের কোনটি ক্রমবাচক সংখ্যা?
ক) পহেলা  খ) আট
গ) পনেরই  ঘ) অষ্টম

৪০. নিচের কোনটি 'সাহেব' শব্দের বহুবচন?
ক) সাহেবান  খ) সাহেবগণ
গ) সাহেবরা  ঘ) সাহেব মণ্ডলী

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | ক | ৩ | ঘ | ৪ | খ | ৫ | গ | ৬ | ঘ | ৭ | ক | ৮ | খ | ৯ | গ | ১০ | ঘ | ১১ | গ | ১২ | খ | ১৩ | গ | ১৪ | ঘ | ১৫ | গ | ১৬ | খ | ১৭ | ঘ | ১৮ | ক | ১৯ | খ | ২০ | গ |
| | ২১ | ঘ | ২২ | ক | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | গ | ২৯ | ঘ | ৩০ | ক | ৩১ | গ | ৩২ | ক | ৩৩ | খ | ৩৪ | ঘ | ৩৫ | ক | ৩৬ | খ | ৩৭ | গ | ৩৮ | খ | ৩৯ | ঘ | ৪০ | ক |

Teachingbd24.com